



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪০.২৪.৩৮৫

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১

২৪ এপ্রিল ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ২৮৮৯/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: (১) ৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০৫.২৪-২৮৪, ইউপি-১ শাখা; তারিখ-২৮/০৩/২০২৪ খ্রি.

(২) হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৮৮৯/২০২৪-এর ১১/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন চাম্বল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মুজিবুল হক চৌধুরী-কে গত ২৭/০২/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.১৫০০.০১৭.২৭.০০৫.২৪-১৬৩ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব মুজিবুল হক চৌধুরী সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৮৮৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত প্রজ্ঞাপনের কার্যকারিতা ০২(দুই) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, জামালপুর-কে ২নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখা-কে ৪নং প্রতিপক্ষসহ মোট চার জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৮৮৯/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত স্থগিতাদেশ Vacate করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8787/potrojariAttachmentRef/53701/0/2240)

৩০-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪০.২৪.৩৮৫/১

তারিখ: ১১ বৈশাখ ১৪৩১

২৪ এপ্রিল ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৩০-৪-২০২৪

মোহাম্মদ নাহিদ ইসলাম

উপসচিব